দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 1 0 1999
পৃঃ ১১ কলাম ১

67

# মাদ্রাসাসমূহের অধ্যক্ষ ও সুপারদের সভা

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম জেলার মাদ্রাসাসমূহের অধ্যক্ষ ও সুপারদের এক সভায় বক্তারা বলেন, সরকার মাদ্রাসা শিক্ষা বন্ধ করিয়া দেওয়ার যে প্রক্রিয়া শুরু করিয়াছে তাহার পরিণাম শুভ হইবে না। জাতীয় সংসদের পবিত্র অঙ্গনে দাঁড়াইয়া শিক্ষামন্ত্রী এবং গত ৭ই মার্চ পল্টনের জনসভায় প্রধানমন্ত্রী মাদ্রাসা শিক্ষা বন্ধ করা হইবে না, বরং সম্প্রসারণ করা হইবে বলিয়া ঘোষণা দিয়াছিলেন তাহার উল্লেখ করিয়া বক্তারা বলেন, মাদ্রাসার বেতন-ভাতা বন্ধ ও স্বীকৃতি প্রত্যাহারের মাধ্যমে সরকার ইতিমধ্যে আসল কাজ শুরু করিয়াছে। ইহার পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম জেলার বাঁশখালী ও সাতকানিয়া থানার ২৮টি-সহ সারাদেশের প্রায় ৬ শত মাদ্রাসা বন্ধ করার নোটিস দিয়াছে। সভায় বক্তারা গভীর উদ্বেগ ও ক্ষোভের সহিত বলেন, সরকারের এই পদক্ষেপ দেশের ১২ কোটি তৌহিদী জনতা কিছুতেই মানিয়া নিবে না। গত ৪ঠা জুলাই দারুল উলুম আলীয়া মাদ্রাসায় জমিয়তুল মোদাররেসীনের চট্টগ্রাম জেলা শাখার ভারপ্রাপ্ত সভাপতি মাওলানা মুহাম্মদ জালালুদ্দীন আল কাদেরীর সভাপতিত্বে এই সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অধ্যক্ষ মাওলানা মুসলেহ উদ্দিন, অধ্যক্ষ মাওলানা সাইয়্যেদ আবু নোমান, অধ্যক্ষ মাওলানা আলী আযম, অধ্যক্ষ মাওলানা শামসুল আলম চৌধুরী, অধ্যক্ষ মাওলানা জামালউদ্দিন প্রমুখ।